

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১২৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪৩. ইমাম ও মুক্তাদীর মাঝে প্রাচীর থাকাবস্থায় ইক্বতিদা করা

باب الرَّجُلِ يَأْتُمُّ بِالإِمَامِ وَبَيْنَهُمَا جِدَارٌ

আরবী

حَدَّثَنَا زُهَيْرُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ عَمْرَةَ، عَنْ عَائِشَةَ، _ رضى الله عنها _ قَالَتْ صَلَّى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي حُجْرَتِهِ وَالنَّاسُ يَأْتَمُّونَ بِهِ مِنْ وَرَاءِ الْحُجْرَةِ .

_ صحيح : خ أتم منه

বাংলা

১১২৬। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর হুজরাতে সালাত আদায় করছিলেন আর লোকজন হুজরার বাইরে পেছনের দিক থেকে তাঁর ইকতিদা করেছিলো।[1]

সহীহ: বুখারী, এর চেয়ে পরিপূর্ণ।

English

'Aishah said:

The Messenger of Allah (ﷺ) offered the prayer in his apartment and people were following him behind apartment.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ ইমাম ও মুক্তাদীর মধ্যে দেয়াল বা সুতরাহ থাকলে, হাঃ ৭২৯) ইয়াহইয়া ইবনু সাঈদ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন